

আল্লাজী, আল্লাজী রহম কর  
কাজী নজরুল ইসলাম

আল্লাজী, আল্লাজী রহম কর  
তুমি যে রহমান।  
দুনিয়া দারীর ফাদেঁ পরে  
কাদে আমার প্রাণ।।

পাই না সময় ডাকতে তোমায়,  
বৃথা কাজে দিন বয়ে যায়  
চলতে নারি মেনে আমার  
নবীর ফরমান।।

দুনিয়া দারীর চিন্তা এসে,  
মনকে ভোলায় সদা,  
তাই তো মনে তোমার স্মরণ  
করতে নারি খোদা।।

দেও অবসর তোমায় ডাকার  
এই বেদনা সহে না আর  
সংসারের এই দোজখ্ হ'তে  
কর মোরে ত্রাণ।।